বাংলাদেশ বার কাউন্সিল
BANGLADESH BAR COUNCIL
(একটি সংবিধিবদ্ধ স্বায়ত্তশাসিত সংস্থা ১৯৭২ সালে মহামান্য রাষ্ট্রপতির ৪৬ নং আদেশ দ্বারা গঠিত)
A Statutory Autonomous Body Constituted Under President's Order No. 46 of 1972
Bar Council Bhaban, 3, Shahid Capt. Mansur Ali Swarani, Shahbag, Dhaka-1000, Bangladesh
PHONE : PABAX : 0222 3389807, 0222 3389809, E-mail : info@barcouncil.gov.bd
Web : www.barcouncil.gov.bd

নং-বাবাকা/প্রশাসন/৩০৬৪

তারিখঃ ০৯ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ
২৫ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ

বরাবর,
সভাপতি/সাধারণ সম্পাদক
.................................. আইনজীবী সমিতি
.........................................।

**বিষয়ঃ একজন বিজ্ঞ আইনজীবীর অধীনে শিক্ষানবিশ গ্রহণের সংখ্যা এবং নির্ধারিত ৬(ছয়) মাসের Pupilage যথাযথভাবে সম্পন্নকরণ প্রসঙ্গে।**

উল্লিখিত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, Bangladesh Legal Partitioners and Bar Council Order and Rules, 1972 এর বিধি 60(3)(i) অনুযায়ী একজন বিজ্ঞ আইনজীবী একই সময়ে নির্ধারিত সংখ্যক অর্থাৎ ৪(চার) জনের অধিক শিক্ষানবিশ গ্রহণ করতে পারেন না। একই সঙ্গে প্রত্যেক শিক্ষনবিশকে নির্ধারিত সময়কাল অর্থাৎ ৬(ছয়) মাসের Pupilage যথাযথভাবে সম্পন্ন করা বাধ্যতামূলক। পরবর্তীতে বাংলাদেশ বার কাউন্সিল একজন বিজ্ঞ আইনজীবী একইসময়ে সর্বোচ্চ ৮(আট) জন শিক্ষানবিশ গ্রহণ করতে পারবেন মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে।

শিক্ষানবিশকালে একজন নবীন আইনজীবীকে একজন অভিজ্ঞ ও সিনিয়র আইনজীবীর প্রত্যক্ষ তত্ত্বাবধানে আদালতের কার্যক্রম, বিচারিক প্রক্রিয়া, মামলা পরিচালনা, পেশাগত আচরণ, নৈতিকতা এবং আইনজীবী হিসেবে প্রয়োজনীয় আইন শিক্ষা, ব্যবহারিক ও পেশাগত দক্ষতা অর্জন করাই Pupilage এর মূল উদ্দেশ্য।

কিন্তু কোন কোন ক্ষেত্রে শিক্ষানবিশগণ সংশ্লিষ্ট সিনিয়রের চেম্বারে ও তত্ত্বাবধানে নিয়মিতভাবে উপস্থিত থেকে ব্যবহারিক প্রশিক্ষন গ্রহণ না করেই নির্ধারিত শিক্ষানবিশকাল সম্পন্ন করছে বলে বার কাউন্সিল লিগ্যাল এডুকেশন কমিটির নিকট প্রতিয়মান হয়েছে। এই ধরনের প্রক্রিয়ায় Pupilage এর মূল উদ্দেশ্য ও তাৎপর্য ব্যাহত হওয়ার পাশাপাশি নবীন আইনজীবীদের প্রয়োজনীয় আইন শিক্ষা গ্রহণ, ব্যবহারিক জ্ঞান, পেশাগত দক্ষতা ও নৈতিক মানদন্ড অর্জনের সুযোগ সীমিত হয়ে পড়ে।

এমতাবস্থায়, প্রচলিত আইন, বিধি-বিধান ও পেশাগত নীতিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক নির্ধারিত ৬(ছয়) মাসের Pupilage কার্যকর ও অর্থবহভাবে সম্পন্ন করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে বাংলাদেশ বার কাউন্সিলের তালিকাভুক্ত সকল আইনজীবী ও শিক্ষানবিশকে Bar Council Legal Education কমিটির নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অতএব, বিষয়টির গুরুত্ব বিবেচনাপূর্বক আপনার আইনজীবী সমিতির সকল সদস্যকে অবহিত করা এবং নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য বলা হলো।

ধন্যবাদান্তে,

(সারমিন সুলতানা রাব্বী)
উপ পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ বার কাউন্সিল